**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 23.05.2026** **Desk in Charge: Susmita M.**

**Time: 7-50PM** **Edit. &Compile: Priya B.**

**DEO: KB** **NRT: Priya B.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১/ 'আয়ুষ্মান ভারত' প্রকল্পের কার্ড, আগামী জুলাই মাস থেকেই রাজ্যবাসীর হাতে তুলে দেওয়া সম্ভব হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আশ্বাস দিয়েছেন। #জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এরাজ্যে আগামী ৩০শে মে থেকে টিকাকরণ কর্মসূচি শুরু হবে। #ইবোলা সংক্রমণ প্রতিরোধে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের SOP প্রকাশ।

২/ RG KAR কাণ্ডে সাসপেন্ড হওয়া ট্রেনি চিকিৎসক অভিক দের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছে, স্বাস্থ্য দপ্তর।

৩/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রোজগার মেলায় ৫১ হাজারের বেশী মানুষের হাতে ভার্চুয়াল মাধ্যমে নিয়োগ পত্র তুলে দিয়েছেন। #কলকাতায় এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনতে নতুন আইন আনা হবে।

৪/ রাস্তা জবরদখল-মুক্ত করতে গিয়ে সাধারণ মানুষের জীবিকায় যাতে টান না পড়ে, রাজ্য সরকার সেদিকে সতর্ক দৃষ্টি রাখছে বলে পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন।

৫/ বকরি ঈদ উপলক্ষে রাজ্য সরকার, ২৮শে মে একদিনের ছুটি ঘোষণা করেছে।

৬/ রাজ্যে আরো চারদিন এই গরম ও অস্বস্তিকর আবহাওয়া চলবে বলে পূর্বাভাস।

*************************************************************************

চলতি বছরের জুলাই মাস থেকেই কেন্দ্রের **‘আয়ুষ্মান ভারত’ প্রকল্পের কার্ড**, রাজ্যের মানুষের হাতে তুলে দেওয়া সম্ভব হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার সঙ্গে ভার্চুয়াল বৈঠকের পর আজ নবান্নে মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল ও প্রধান উপদেষ্টা সুব্রত গুপ্তর সঙ্গে এক সাংবাদিক বৈঠকে মুখ্যমন্ত্রী বলেন, পূর্বতন সরকারের ‘স্বাস্থ্য সাথী’ প্রকল্পের সঙ্গে যুক্ত ৬ কোটির বেশি মানুষ সরাসরি আয়ুষ্মান ভারত প্রকল্পের আওতায় আসবেন।

( বাইট- শুভেন্দু )

মুখ্যমন্ত্রী জানান, আয়ুষ্মান ভারতের জন্য ৯৭৬ কোটি টাকা, কেন্দ্র বরাদ্দ করেছে। চলতি অর্থবর্ষে **‘ন্যাশনাল হেলথ মিশনে’**র আওতায় এরাজ্যের জন্য বরাদ্দ হয়েছে ২’হাজার ১০৩ কোটি টাকা, ইতোমধ্যেই ৫০০ কোটি টাকার বেশী রাজ্যের অ্যাকাউন্টে ঢুকেছে। কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয়ের অভাবে, স্বাস্থ্য ক্ষেত্রে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা থেকে পশ্চিমবঙ্গের মানুষ বঞ্চিত থেকেছেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। জুনের প্রথম সপ্তাহে দিল্লিতে মন্ত্রী, আধিকারিকদের উপস্থিতিতে ‘আয়ুষ্মান আরোগ্য মন্দির’ সংক্রান্ত চুক্তি স্বাক্ষর হবে বলেও জানান তিনি।

এরাজ্যে **‘প্রধানমন্ত্রী জনৌষধী কেন্দ্র’**-এর সংখ্যা, ১১৭ থেকে বাড়িয়ে ৪৬৯টি করার প্রস্তাব কেন্দ্রকে পাঠানো হয়েছে। এতে ওষুধ কেনার খরচ প্রায় ১০ গুণ কমে যেতে পারে বলে তিনি জানান।

রাজ্যে **শিশু মৃত্যুর হার** নিয়ে উদ্বেগ প্রকাশ করেন মুখ্যমন্ত্রী। স্বাস্থ্য ক্ষেত্রে আগামী তিন মাসে স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়া চালুর আশ্বাস দেন তিনি। আলিপুরদুয়ার, কালিম্পং, দক্ষিণ দিনাজপুর এবং আসানসোলে মেডিকেল কলেজ গড়ার প্রস্তাব কেন্দ্রকে পাঠানো হবে। উত্তরবঙ্গে AIMS তৈরির জন্য পদক্ষেপ করা হবে বলেও জানান শ্রী অধিকারী।

******************************

জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে এরাজ্যে আগামী ৩০শে মে টিকাকরণ কর্মসূচি শুরু হবে। নবান্নে আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, ওইদিন বিধাননগর মহকুমা হাসপাতালে ওই কর্মসূচির সূচনা করবেন তিনি। রাজ্যের জন্য এই টিকার ৭ লক্ষেরও বেশি ডোজ

বরাদ্দ করেছে কেন্দ্রীয় সরকার। তিনি অভিযোগ করেন, অন্যান্য রাজ্যে এই টীকাকরণ কর্মসূচি প্রায় সম্পূর্ণ হয়ে গেলেও পশ্চিমবঙ্গে তা এখনো শুরু হয়নি। HPV ভ্যাকসিন আগেই রাজ্যে পাঠানো হলেও, তৃণমূল কংগ্রেস সরকারের গাফিলতির কারণেই টিকাকরণ শুরু করা যায়নি বলে অভিযোগ করেন শুভেন্দু অধিকারী।

( বাইট- মুখ্যমন্ত্রী/ HPV )

তিনি বলেন, ৩০শে মে থেকেই এরাজ্যে যক্ষ্মা মুক্ত ভারতের কর্মশিবির শুরু হবে। জাতীয় কুষ্ঠ নির্মূলকরণ কর্মসূচিতে গোটা দেশের তুলনায় এরাজ্য পিছিয়ে থাকায়, এক্ষেত্রে বিশেষ নজর দেওয়া হচ্ছে।

******************************

ইবোলা সংক্রমণ প্রতিরোধে মান্য কার্যবিধি বা SOP প্রকাশ করেছে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক। গণপ্রজাতন্ত্রী কঙ্গো ও উগান্ডায় ইবোলা সংক্রমণ ছড়িয়ে পড়ার প্রেক্ষিতেই এই সতর্কতামূলক পদক্ষেপ।

নির্দেশিকায় বলা হয়েছে, আক্রান্ত দেশগুলি থেকে ভারতে আসা যাত্রীদের জন্য বিমানবন্দর ও সমুদ্রবন্দরে কড়া নজরদারি চালানো হবে। গত ২১ দিনের ভ্রমণ ইতিহাস খতিয়ে দেখা, থার্মাল স্ক্রিনিং, সেলফ ডিক্লেয়ারেশন ফর্ম জমা এবং উপসর্গ থাকলে অবিলম্বে আইসোলেশনের নির্দেশ দেওয়া হয়েছে। ওইসব দেশ থেকে আসা উপসর্গহীন যাত্রীদেরও ২১ দিন পর্যবেক্ষণে রাখা হবে। উপসর্গ দেখা দিলে, নির্দিষ্ট হাসপাতালে ভর্তি করে নমুনা পরীক্ষা হবে। SOP-তে স্পষ্ট বলা হয়েছে, ইবোলা রোগীদের চিকিৎসায় ফুল পিপিই, এন-৯৫ মাস্ক, ডাবল গ্লাভস পড়া এবং সংক্রমণ নিয়ন্ত্রণ বিধি মেনে চলা বাধ্যতামূলক।

কেন্দ্র জানিয়েছে, বর্তমানে ‘বান্ডিবুগিয়ো’ স্ট্রেনের ইবোলার জন্য কোনও অনুমোদিত ভ্যাকসিন বা মনোক্লোনাল অ্যান্টিবডি না থাকায় দ্রুত শনাক্তকরণ, আইসোলেশন, আক্রান্তের সংস্পর্শে এসেছে কিনা, তা’ চিহ্নিত করা ও সহায়ক চিকিৎসার উপরই সবচেয়ে বেশি জোর দেওয়া হচ্ছে।

******************************

RG KAR কান্ডে সাসপেন্ড হওয়া পোস্ট গ্র্যাজুয়েট ট্রেনি চিকিৎসক অভিক দের বিরুদ্ধে বিভাগীয় তদন্তের নির্দেশ দিয়েছে, স্বাস্থ্য দপ্তর। স্বাস্থ্য ভবনের তরফে আজ এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। একইসঙ্গে, "সার্ভিস কোটা" ব্যবহার করে কিভাবে তিনি স্নাতকোত্তরে ভর্তি হয়েছিলেন, তা' খতিয়ে দেখতে পৃথক তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। ২০২৪-এর ৯'ই আগস্ট RG KAR হাসপাতালে তরুণী চিকিৎসক পড়ুয়ার দেহ উদ্ধারের পর ঘটনাস্থলে SSKM হাসপাতালে জেনারেল সার্জারি বিভাগে প্রথম বর্ষের স্নাতকোত্তর ট্রেনি অভীকের উপস্থিতি নিয়ে প্রশ্ন ওঠে। এর পরই তাকে সাসপেন্ড করা হয়। RG KAR-এর ঘটনার পর রাজ্যের সরকারি মেডিক্যাল কলেজগুলিতে 'থ্রেট কালচারের' একাধিক অভিযোগ প্রকাশ্যে আসে। এতেও নাম জড়ায় অভীকের।

এদিকে, রাজ্য সরকারের এই পদক্ষেপকে স্বাগত জানিয়েছে, ডাক্তারদের সংগঠন West Bengal Doctor's Forum। এক বিবৃতিতে এই ঘটনায় জড়িত সকল দোষীর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবী জানিয়েছেন তারা।

*****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে ১৯-তম রোজগার মেলায় সরকারের বিভিন্ন দপ্তর ও সংস্থায় ৫১ হাজারের বেশী নবনিযুক্তদের হাতে নিয়োগ পত্র তুলে দিয়েছেন। দেশের ৪৭ টি স্থানে এই রোজগার মেলার আয়োজন করা হয়। এর মধ্যে কলকাতার বিধানচন্দ্র রায় অডিটোরিয়ামে আয়জিত অনুষ্ঠানে ১৮৫ জনের হাতে নিয়োগ পত্র তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার লক্ষ্যে রাজ্য বিধানসভার পরবর্তী অধিবেশনে নিয়োগ সংক্রান্ত নতুন আইন আনা হবে। স্বচ্ছতার সঙ্গে লিখিত পরীক্ষা, অ্যাকাডেমিকের মূল্যায়ন, মৌখিক পরীক্ষার নম্বর কম করে, আগামী দিনে নিয়োগের ব্যবস্থা করা হবে।

পশ্চিম মেদিনীপুরের খড়্গপুরে, ১৪২ জনের হাতে নিয়োগ পত্র তুলে দেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। শিলিগুড়িতে এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় গ্রামোন্নয়ন প্রতিমন্ত্রী কমলেশ পাসওয়ান।

*****************************

রাজ্যে, জমি জটের কারণে রেলের যেসমস্ত প্রকল্প আটকে ছিল সেগুলি পুনরায় চালু করতে রাজ্যের মুখ্যমন্ত্রী উদ্যোগী হয়েছেন বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় আজ ১৯-তম রোজগার মেলা উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে যোগ দেওয়ার পর সাংবাদিকদের তিনি বলেন, এরাজ্যে প্রায় ৬১'টি রেল প্রকল্প জমি জটের কারণে আটকে আছে। এব্যাপারে মুখ্যমন্ত্রী রেলের সংশ্লিষ্ট জোনের জেনারেল ম্যানেজারের সঙ্গে আলোচনা শুরু করেছেন।

উল্লেখ্য, বিগত তৃণমূল কংগ্রেস সরকারের জমি নীতির জন্য রেলের বেশ কিছু প্রকল্প আটকে ছিল বলে অভিযোগ।

*****************************

রাস্তা বা ফুটপাত জবরদখল-মুক্ত করতে গিয়ে সাধারণ মানুষের জীবিকায় যাতে টান না পড়ে সেদিকে রাজ্য সরকার সতর্ক দৃষ্টি রাখছে বলে পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল জানিয়েছেন। দপ্তরের আধিকারিকদের সঙ্গে আজ বৈঠকের পর সাংবাদিকদের তিনি বলেন, ১০-১৫ বছর বা তার বেশি সময় ধরে যাঁরা, ফুটপাথে ব্যবসা করছেন তাঁদের বিকল্প কোনো জায়গায় যাতে পুনর্বাসন দেওয়া যায়, সে ব্যাপারে সরকার ভাবনা চিন্তা করছে।

( বাইট- অগ্নিমিত্রা পাল )

এদিকে, হকার উচ্ছেদের প্রতিবাদে আজ পার্ক সার্কাসে বিক্ষোভ দেখায় তৃণমূল কংগ্রেস। ধর্নায় অংশ নেন বিরোধী দলনেতা শোভনদেব চট্টোপাধ্যায়, প্রাক্তন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য প্রমুখ।

*****************************

প্রশাসনিক কাজের সুবিধার্থে এবং স্বচ্ছ পরিষেবা প্রদান সুনিশ্চিত করার লক্ষ্যে রাজ্য সরকার বিভিন্ন দপ্তরে বর্তমানে কত শূন্য পদ রয়েছে তার তালিকা তৈরীর নির্দেশ দিয়েছে। বিভিন্ন দপ্তরের অধীনে থাকা ডাইরেক্টরেট এবং আঞ্চলিক অফিসগুলিতে শূন্যপদের তালিকা তৈরি করে আগামী তেসরা জুনের মধ্যে সংশ্লিষ্ট 'নোডাল অফিসার' এর কাছে ই মেইল মারফত তা' পাঠাতে হবে বলে অর্থ দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

*****************************

বকরি ঈদ উপলক্ষে দু দিনের পরিবর্তে একদিন ছুটির কথা ঘোষণা করেছে রাজ্য সরকার। অর্থ দপ্তরের তরফে বিজ্ঞপ্তি জারি করে জানানো হয়েছে, ২৬ ও ২৭শে মে-র পরিবর্তে শুধুমাত্র ঈদ-উদজ্জোহা-র দিন ২৮শে মে ছুটি থাকছে।

উল্লেখ্য, গতবছর নভেম্বরে রাজ্য সরকারের তরফে ২৬ ও ২৭শে মে ঈদের ছুটি সংক্রান্ত বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। কিন্তু, ঈদ পালনের দিন বদলে যাওয়ায়, ছুটির দিনও পরিবর্তন করা হল বলে নতুন বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে এবং ওই দুই দিন, মঙ্গল ও বুধবার সব অফিস খোলা থাকবে।

******************************

গরম ও অস্বস্তিকর আবহাওয়া আরও চার দিন একইভাবে বজায় থাকবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা ৩৯ ডিগ্রী সেলসিয়াস থাকার সম্ভাবনা। তবে আগামী সপ্তাহে ২৭ তারিখ থেকে কয়েকদিন, সর্বত্র বৃষ্টির পূর্বাভাস রয়েছে এবং তাপমাত্রা ক্রমশ দুই থেকে তিন ডিগ্রি কমার সম্ভাবনা। আবহ বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে বলেন, বিহারের উপরে অবস্থানরত ঘূর্ণাবর্তের জেরে উত্তরবঙ্গে হিমালয় সংলগ্ন ও তরাই অঞ্চলের জেলাগুলিতে আগামী তিনদিন ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

*******************************************************************